বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়
মানব সম্পদ পরিচালন ডিপার্টমেন্ট
৭১-৭২ পুরাতন এলিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা, ১০০০।
www.pkb.gov.bd

"মুজিব বর্ষের সেবা নিন
প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ"

প্রশাসন পরিপত্র নং- ২২/২০২১

তারিখ: ২৮.০৭.২০২১ খ্রি.

## প্রবাসী কল্যাণ ব্যাংক (কর্মকর্তা/কর্মচারী) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরী নীতিমালা-২০২১

অত্র ব্যাংকের পরিচালনা পর্ষদের ২৯.০৬.২০২১ তারিখের ৮১তম সভার সিদ্ধান্ত মোতাবেক এ ব্যাংকের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের জন্য নিম্নোক্তভাবে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরী নীতিমালা জারী করা হলো:

১। শিরোনামঃ প্রবাসী কল্যাণ ব্যাংক (কর্মকর্তা/কর্মচারী) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরী নীতিমালা-২০২১

২। (ক) যে সকল কর্মকর্তা/কর্মচারীর ন্যূনতম ৩ (তিন) বছর নিয়মিত চাকরি পূর্ণ হয়েছে এবং কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটি পাওনা রয়েছে সে সকল কর্মকর্তা/কর্মচারী জ্যেষ্ঠতার ভিত্তিতে পর্যায়ক্রমে একনাগাড়ে ১৫ (পনের) দিন (এর বেশী বা কম নয়) শ্রান্তি বিনোদন ছুটি এবং ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন। কর্মকর্তা/কর্মচারী যে মাসে ছুটিতে যাবেন সে মাসে প্রাপ্য মূলবেতন অনুযায়ী তার প্রাপ্য হিসাবায়িত হবে;

(খ) প্রতি ৩ (তিন) বৎসর অন্তর একবার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ছুটি হিসাবে অর্জিত ছুটি জমা থাকা সাপেক্ষে এ ছুটি গ্রহণ/প্রদান করা যাবে এবং ছুটি মঞ্জুরী ব্যতিত এ ভাতা প্রদান করা যাবে না। এ ভাতা একবার উত্তোলন করা হলে পরবর্তীকালে নতুন বেতন নির্ধারণজনিত (Pay Fixation) কারণে সংশ্লিষ্ট কর্মচারী কোন বকেয়া পাবেন না;

(গ) শ্রান্তি বিনোদন ছুটি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটির হিসাব হতে বিয়োজন করা হবে। এ ছুটির হিসাব কর্মকর্তা/কর্মচারীর সার্ভিস বইতে লিপিবদ্ধ করতে হবে এবং ছুটি ভোগের পর তা পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটির সাথে সমন্বয় করতে হবে এবং এ ছুটির সাথে যোগ করে অন্য ছুটি নেয়া যাবে না;

(ঘ) দাপ্তরিক কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের স্বার্থে প্রধান কার্যালয়ের বিভিন্ন ডিপার্টমেন্ট ও শাখাসমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের সংখ্যার ভিত্তিতে সাধারণ বিবেচনায় সর্বোচ্চ এক তৃতীয়াংশ (৩৩.৩৩%) হারে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরী প্রদান করা যাবে;

(ঙ) কোন কর্মকর্তা/কর্মচারী ছুটিতে গমন করলে তার উপর অর্পিত দায়িত্ব আবশ্যিকভাবে অন্য কোন কর্মকর্তা/কর্মচারীকে পালনের অফিস নির্দেশ জারী করতে হবে;

(চ) একাধিক কর্মকর্তা/কর্মচারী একত্রে এ ছুটির প্রাপ্যতা অর্জন করলে জ্যেষ্ঠতার (চাকরিতে যোগদানের তারিখ) ভিত্তিতে এবং পর্যায়ক্রমে তা প্রদান করা যাবে। তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ যে কর্মকর্তা/কর্মচারীর ছুটি বাধ্যতামূলক বিবেচনা করবেন, তাকে অবশ্যই ছুটিতে যেতে হবে এবং ছুটি ভোগকারী কর্মকর্তা/কর্মচারী নিতান্ত ব্যক্তিগত প্রয়োজন ছাড়া কোনক্রমেই অফিস/কর্মস্থলে উপস্থিত হতে/অফিসের কাজে অংশগ্রহণ করতে পারবেন না;

(ছ) যদি কোন কর্মকর্তা/কর্মচারী শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরী প্রাপ্য হন কিন্তু ব্যাংকের স্বার্থে যদি তাকে তাঁর সুবিধাজনক সময়ে ছুটি ও ভাতা মঞ্জুর করা সম্ভব না হয়, সেক্ষেত্রে পরবর্তীতে সুবিধাজনক সময়ে এ ছুটি মঞ্জুর করা হবে এবং তিনি ছুটি প্রাপ্যতা সাপেক্ষ্যে তাঁর আবেদনের তারিখ হতে ৩ (তিন) বছর পর পরবর্তী ছুটি ও ভাতা প্রাপ্তির যোগ্য হবেন;

(জ) কোন কর্মচারী যদি যথাসময়ে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতার জন্য আবেদন না করেন, তাহলে পরবর্তীতে যে তারিখে আবেদন করবেন সে আবেদনের তারিখ হতে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরী প্রাপ্য হবেন এবং তাঁর আবেদনের তারিখ হতেই পরবর্তী ৩ (তিন) বছর গণনা করা হবে। তবে কর্মকর্তা-কর্মচারীগণ শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরী প্রাপ্য হলেই কেবল আবেদন করতে পারবেন এবং শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা ভূতাপেক্ষভাবে প্রদান করা যাবে না।

৩। (ক) বর্ণিত ছুটি মঞ্জুরীর কারণে অফিস/শাখার স্বাভাবিক কাজকর্ম, গ্রাহক সেবা ইত্যাদি যাতে ব্যাহত না হয় সে দিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। তদুদ্দেশ্যে সকল অফিস/শাখায় প্রতি বছরের ৩১ জানুয়ারীর মধ্যে কর্মচারীদের ছুটি পরিকল্পনা চূড়ান্ত করতে হবে এবং উক্ত পরিকল্পনার ১ (এক) কপি প্রধান কার্যালয়ের মানব সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। ব্যাংকের কাজকর্মে বিঘ্ন ঘটিয়ে এ ছুটি প্রদান করা যাবে না;

(খ) অর্ধবার্ষিক ও বার্ষিক হিসাব সমাপনীর কারণে ১৬ জুন হতে ১৫ জুলাই এবং ১৬ ডিসেম্বর হতে ১৫ জানুয়ারী এই ৬০ (ষাট) দিন বর্ণিত ছুটি মঞ্জুরী দেয়া যাবে না। তবে পিআরএল আসন্ন কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রে এ সময়সূচি শিথিল করা যেতে পারে। যে সকল কর্মকর্তা-কর্মচারী অনতিবিলম্বে পিআরএল এ গমন করবেন তাদের আবেদন অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা যেতে পারে;

(গ) পিআরএল অত্যাসন্ন কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে শ্রান্তি বিনোদন ছুটির প্রাপ্যতার তারিখ হতে সক্রিয় চাকরির মেয়াদ কমপক্ষে ১৬ দিন (১৫ দিন শ্রান্তি বিনোদন ছুটি ভোগের জন্য পিআরএল পূর্ববর্তী ০১ দিন কর্মরত থাকার জন্য) না থাকলে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুর করা যাবে না;

(ঘ) অস্থায়ী কিংবা চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণ শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রাপ্য হবেন না;

(ঙ) শৃঙ্খলাজনিত কারণে বা অন্য কোন কারণে কোন কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ অনিষ্পন্ন থাকলে অথবা বিভাগীয় মামলা বিচারাধীন থাকলে এ ধরণের ছুটি প্রাপ্য হবেন না; তবে অভিযোগ/চার্জ থেকে অবমুক্ত হলে উক্ত ছুটি ভোগে কোন প্রতিবন্ধকতা থাকবে না;

(চ) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা অনুমোদনের কপি কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত নথিতে নথিভূক্তকরণের লক্ষ্যে তা মানব সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে;

(ছ) শ্রান্তি বিনোদন ছুটি ভোগকারী কর্মকর্তা-কর্মচারীদের অন্যত্র বদলী হলে এলপিসি তে ছুটি ভোগের বিবরণ উল্লেখ করতে হবে;

(জ) কর্মকর্তা-কর্মচারীর ছুটিকালীন দায়িত্ব পালনের বিষয়টি শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরীর ক্ষমতাপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

০৪। নিম্নে উল্লেখিত ক্ষমতা বিন্যাস অনুযায়ী শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা অনুমোদন করা যাবে:

| অনুমোদনকারী কর্তৃপক্ষ | কর্মকর্তা/ কর্মচারীর পর্যায় |
|---|---|
| ব্যবস্থাপনা পরিচালক | সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী |

০৫। (ক) "শ্রান্তি বিনোদন ভাতা" নামে ব্যাংকের বাজেটে ব্যয় খাত অন্তর্ভূক্ত থাকায় ব্যাংকের চার্ট অব একাউন্টস এ বিদ্যমান 'Recreation Allowance' খাত হতে শ্রান্তি বিনোদন ভাতা মঞ্জুরী প্রদান করতে হবে। এ লক্ষ্যে প্রতিবছর পর্যাপ্ত বাজেট বরাদ্দ রাখতে হবে;

(খ) প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে শ্রান্তি বিনোদন ভাতা কেন্দ্রীয় হিসাব বিভাগ কর্তৃক প্রদান করা হবে। প্রধান কার্যালয়ের বাইরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের শ্রান্তি বিনোদন ভাতা বেতন প্রদানকারী সংশ্লিষ্ট শাখার মাধ্যমে প্রদান করতে হবে। শ্রান্তি বিনোদন ভাতা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর ব্যাংক হিসাবের মাধ্যমে অথবা কর্মকর্তা-কর্মচারীর নামে ক্রস চেক/অর্ডার চেকের মাধ্যমে প্রদান করতে হবে;

(গ) যে সকল ডেস্ক ঝুঁকিপূর্ণ বা ঝুঁকিপূর্ণ বিবেচিত হয় সে সকল ডেস্কে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর শ্রান্তি বিনোদন ছুটি প্রদানে সময়ানুবর্তিতা রক্ষায় সতর্কতা অবলম্বনসহ গড়িমসি/ব্যত্যয় পরিহার করতে হবে। সংশ্লিষ্টদের ছুটি মঞ্জুর না করার ফলে কোন ধরনের অনিয়ম, জাল-জালিয়াতি সংঘটিত হলে তার দায়-দায়িত্ব ছুটি মঞ্জুরীর ক্ষমতাপ্রাপ্ত নির্বাহী/কর্মকর্তার উপর বর্তাবে;

(ঘ) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা বাস্তবায়ন নীতিমালা জারীর তারিখ হতে কার্যকর হবে;

(ঙ) কর্মকর্তা-কর্মচারীগণ শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতার জন্য অনুমোদনকারী কর্তৃপক্ষ বরাবর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ছক (পরিশিষ্ট-ক) এ আবেদন করবেন।

০৬। "The Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979" এর কোনরূপ সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন করা হলে তা এই নীতিমালার ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

সংযুক্তি: পরিশিষ্ট-ক

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

(মো: মারফত আলী)
উপমহাব্যবস্থাপক (প্রেষণে)
ডিপার্টমেন্ট প্রধান

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। শাখা ব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক।
৩। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। মহাব্যবস্থাপক (সকল) মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সচিব, পরিচালনা পর্ষদ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। প্রোগ্রামার/সিনিয়র অফিসার/সহকারী প্রোগ্রামার, আইটি সিস্টেমস/আইটি অপারেশন বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয় (নীতিমালা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। অফিস কপি।

পরিশিষ্ট-ক

বরাবর

.......................

প্রবাসী কল্যাণ ব্যাংক

.......................বিভাগ/কার্যালয়/শাখা

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ

বিষয়: **<u>শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতার জন্য আবেদন।</u>**

মহোদয়

আমি প্রবাসী কল্যাণ ব্যাংকে কর্মরত আছি। ব্যাংক কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে নিম্নবর্ণিত বিষয়/শর্তাবলী সদয় বিবেচনাপূর্বক শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরির আবেদন করছি:

| | |
|---|---|
| ১। কর্মকর্তা/কর্মচারীর নাম ও ব্যক্তিগত নং | : |
| ২। পদবী | : |
| ৩। বর্তমান কর্মস্থল | : |
| ৪। জন্ম তারিখ | : |
| ৫। ব্যাংকের চাকুরীতে প্রথম যোগদানের তারিখ | : |
| ৬। বর্তমান পদের বেতন গ্রেড ও স্কেল | : |
| ৭। বর্তমান মূল বেতন | : |
| ৮। আবেদনের তারিখ ও এ তারিখে ব্যাংকে মোট চাকরিকাল | : |
| ৯। সর্বশেষ শ্রান্তি বিনোদন ছুটি আবেদন ও মঞ্জুরির তারিখ | : |
| ১০। আবেদনকৃত ছুটির সময়কাল | : |
| ১১। ছুটি শুরুর মাসের প্রাপ্য মূল বেতন | : |

আবেদনকারীর স্বাক্ষর

(তারিখ ও সীলসহ)

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশ/মতামত:

আবেদনকারীর উল্লিখিত তথ্যাদি সঠিক আছে। তিনি ব্যাংক এর একজন নিয়মিত কর্মকর্তা/কর্মচারী (অস্থায়ী/চুক্তিভিত্তিক নিয়োজিত নন)। আবেদনকারীকে উল্লিখিত সময়ে ছুটি প্রদান করা হলে বিভাগ/কার্যালয়/শাখার দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠুভাবে সম্পাদনে ও গ্রাহক সেবায় ব্যাঘাত সৃষ্টি হবে না এবং একই সাথে অনুরূপ ছুটি ভোগকারীর সংখ্যা এক-তৃতীয়াংশের অধিক হবে না।

এমতাবস্থায়, নীতিমালার সকল শর্ত পূরণ হওয়া সাপেক্ষে তাঁকে ................ হতে ................ পর্যন্ত ১৫ দিনের শ্রান্তি বিনোদন ছুটি এবং ছুটি শুরুর মাসের প্রাপ্য মূল বেতনের সমপরিমাণ অর্থ বাবদ .................. টাকা মাত্র শ্রান্তি বিনোদন ভাতা মঞ্জুরির সুপারিশ করা হল।

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর

(তারিখ ও সীলসহ)